দিবা নিদ্রা স্নান তৈল মর্দ্দন, স্থূল তণ্ডুলের অন্ন ভোজন, স্ত্রী সঙ্গ ক্রোধ অত্যন্ত বায়ু সেবন গমন আহার দ্রব্য ভোজন এই সকল বিষয় নবজ্বরে কর্ত্তব্য।

কৃশ ব্যক্তিকে লঙ্ঘন কারণ অনুচিত আর বায়ু জন্য ভয় জন্য জ্বর ক্রোধ জন্য জ্বর কামোদ্ভব জ্বর, এই সকল জ্বরে লঙ্ঘন বিধি নাহি কেবল কফ প্রধান জ্বর ও সন্নিপাতিক জ্বর হইতে লঙ্ঘন বিধি আছে অন্য রোগে লঙ্ঘন দোষমাত্র জানিবেন, কারণ চিকিৎসাপদে যাহাতে রোগীর বল বৃদ্ধি হয় কিন্তু লঙ্ঘনের তাহা হইয়া কেবল বলহীনা মাত্র হয়, অতএব লঙ্ঘনের স্পষ্ট দোষ লিখিতেছি, পিত্ত সঞ্চয় ক্ষুধামান্দ্য অরুচি তৃষ্ণা বৃদ্ধি চক্ষু দোষ কর্ণ দোষ মনে অস্থিরতা এবং বায়ু ঊর্দ্ধগত শরীরের উষ্ণ জন্য, নানা পীড়া দেহ কার্য্যত ক্ষুধা নাহি বল নাহি লঙ্ঘনে এই সকল প্রধান দোষ হয়। এবং শূলরোগীর শ্বাস কাস রোগী বালক, বৃদ্ধ গর্ভিনী স্ত্রী ক্ষত রোগী মূলদোষ উদর রোগের স্মৃতী কাষি রোগে শরীর শীর্ণ ব্যক্তিদিগের বায়ু প্রধান রোগ এই সকলেতে উপবাস করিবে না। অত্যন্ত কফজ্বরে এবং অতিশয় তৃষ্ণাতে রোগীকে উষ্ণ জল পান করাইবেক কিন্তু পৈত্তিক এবং বাতিক প্রধান জ্বরে, রোগীকে শীতল জল পান করাইবে, শীতল জল পান দ্বারা অপার

দ্বৌকালীন জ্বর লক্ষণ।

যে জ্বর হইয়া একবার মগ্ন না হয় অথচ দিবা রাত্রি অষ্টপ্রহর সমান ভোগ করে এবং দিবসে যে সময়ে জ্বর হয় আর রাত্রিতে যে সময়ে জ্বর হয় তাহাকে দ্বৌকালীন জ্বর জানিবেন।

ঐকাহিক জ্বর লক্ষণ।

যে জ্বর প্রথম দিবসে হয় দ্বিতীয় দিবসে হয়না পুনর্ব্বার তৃতীয় দিবসে হয় সেই জ্বরকে ঐকাহিক জানিবেন।

চাতুর্থিক জ্বর লক্ষণ।

যে জ্বর প্রথম দিবসে হয় দ্বিতীয় ও তৃতীয় দিবসে হয় না পুনর্ব্বার চতুর্থ দিবসে হয় সে চাতুর্থিক জ্বরে এবং পূর্ব্বোক্ত ঐকাহিক জ্বর চতুর্থ চাতুর্থিক জ্বর মজ্জাগত হইতে উৎপত্তি হয় জানিবেন।

বিপর্য্যয় চাতুর্থিক জ্বর লক্ষণ।

যে জ্বর প্রথম দিবসে না হইয়া দ্বিতীয় দিবসে হয়। পুনর্ব্বার চতুর্থ দিবসে হয় না, তাহাকে বিপর্য্যায় চাতুর্থিক জানিবেন এবং এইজ্বরকেও মজ্জাগত জাত হইবেন।

সংসর্গি জ্বর লক্ষণ।

শরীরের পিত্ত দুষ্ট এবং মস্তকে কফ দুষ্ট এই দুষ্ট যে জ্বরে হয় সে জ্বরে শরীর তপ্ত হয়। হস্ত পদ শীতল হয়, পুনর্ব্বার শরীরে কফ দুষ্ট মস্তকে পিত্ত দুষ্ট এই দুই যে জ্বরে হয় সে জ্বরে শরীর শীতল হয় হস্ত পদ তপ্ত হয়, সংসর্গ জ্বরের প্রকরণ এইরূপে বোধ করিবেন। এবং সংসর্গি জ্বরের পূর্ব্বে দাহ হয় পরে জ্বর প্রকাশ হয় আর ইহাকে সুকষ্ট সাধ্য জানিবেন, অতএব ইহার চিকিৎসা সাবধান কর্ত্তব্য। আর যে জ্বরে বায়ু কফ সমান থাকিয়া পিত্ত দুর্ব্বল থাকে সে জ্বর বায়ু কফ সমান থাকিয়া পিত্ত দুর্ব্বল থাকে সে জ্বর প্রায় রাত্রিতে হয় এবং যে জ্বরে বায়ু পিত্ত সমান থাকিয়া কফ দুর্ব্বল থাকে সে জ্বর প্রায় দিবসেতে হয় আর বর্ষাকালে পিত্ত প্রধান জ্বর কিম্বা কফ প্রধান জ্বর যদি হয় তবে সে দুঃসাধ্য, আর শরৎকালে কফ প্রধান জ্বর কিম্বা বায়ু প্রধান জ্বর হয় তবে তাহাকে দুঃসাধ্য জানিবেন।

আমজ্বর লক্ষণ।

তন্দ্রা মুখাভার এবং মুখ বিরস, অতিশয় অলস, শরীর ভার ক্ষুধা শূন্য প্রস্রাব অধিক এবং চক্ষু মুদ্রিত করিয়া জড়ের ন্যায় শয্যাগত হইয়া থাকে আমজ্বরে এই সকল লক্ষণ জানিবেন। কিন্তু অষ্টাহের মধ্যে আমজ্বর যদি বিকার প্রাপ্ত হয় তবে রোগীকে শক্ত প্রয়োগ করিবেন এবং আমজ্বরে লক্ষণ সহিত বিকার লক্ষণ অভেদ কিন্তু তন্দ্রা অলসাদি আমজ্বরের স্বাভাবিক বাহ্য লক্ষণ, অতএব উত্তম নাড়ী পরীক্ষা

চক্ষু ভক্ষু দাগ হয়। বাক্য রহিতের ন্যায় হয়। উদরের ভিতরে নাড়ী সকল পুটুলি মত হয়, কাহারো পেট উচ্চ হয়, দোষ নিবারক নানা প্রকার ঔষধ দ্বারা দোষ নিবারণ হয় না। এবং দন্ত নিরস কড়ির ন্যায় হয়। আর কাহারো দন্ত দর্পণের মত উজ্জ্বল হয়, এবং দন্তে দন্ত ঘর্ষণ দ্বারা ভয়ানক শব্দ হয়, দিবসে বালকের ন্যায় ক্ষণের নিদ্রা, রাত্রিতে নিদ্রা হয় না এবং কোন ব্যক্তির দিবা রাত্রেতে নিদ্রা হয় না এবং কেহবা হাস্য করে কেহবা রোদন করে কেহবা গান করে কেহবা নিত্য করে আর কেহবা উন্মত্তের ন্যায় এবং ভূতে পাইবার মত নানা প্রকার বিকৃতাচরণ করে এই সমস্ত লক্ষণ এক ব্যক্তিতে হয় না কিন্তু সকলি সান্নিপাতির লক্ষণ ইহার রক্ষকাল ৭।৯।১১।১৪।১৮।২২ দিবস পর্য্যন্ত এই জ্বরের সীমা ২২ দিবস পর্য্যন্ত জানিবেন।

ত্রয়োদশ প্রকার সান্নিপাতিক কথন।

বাতোল্বন পিত্তোল্বন কফোল্বন বাতপৈত্তিকোল্বন বাতশ্লেষ্মিকোল্বন পিত্তশ্লেষ্মাকোল্বন, বায়ু প্রধান, বাতপৈত্তিকোল্বন শ্লেষ্মা প্রধান। বাতশ্লেষ্মাকোল্বন সামান্য উল্বন বায়ু পিত্তসম উল্বন, এই ত্রয়োদশ উল্বন; পিত্ত শ্লেষ্মা সামান উল্বন বায়ু পিত্ত সমান উল্বন এই ত্রয়োদশ উল্বনকা স্বরূপ হইয়া প্রাণের সংহার কর্ত্তা হয়েন। এই সান্নিপাতিক জ্বর হইলে কর্ণমূল শোথ হইয়া কেহবা রক্ষা পায় কেহবা রক্ষা পায়না।

অভিঘাত জ্বর লক্ষণ।

মুগুর কিম্বা কোন অস্ত্র দ্বারা আঘাতিক হইলে যে জ্বর হয় তাহার নাম অভিঘাত জ্বর। অভিচার জ্বর লক্ষণ।

দুই ব্যক্তি কোন কারণে কোন ব্যক্তির উদ্দেশ মন্দ মন্ত্রাদি করিলে উদ্দেশ্য ব্যক্তির যে জ্বর হয় অথবা অভিশাপ এবং ভূতাদি কর্ত্তৃক প্রপীড়ন হয় বৈগুণ ইত্যাদি যে জ্বর হয় তাহার নাম অভিচার জ্বর। জীর্ণ জ্বর কথন।

এক বিংশতি দিবস পর্য্যন্ত যদি জ্বর ত্যাগ না হয় এবং যে জ্বর প্লীহাদি দ্বারা জীর্ণ ভাব হইয়া শরীরে থাকে তাহাকে জীর্ণ জ্বর বোধ করিবেন। বিষম জ্বরোৎপত্তি।

অল্প রোগে বৃহৎ রোগের চিকিৎসা করণ এবং সান্নিপাতিক জ্বরের ২২ দিনের পর স্থিতি করণ। আর জ্বর হইলে বীর্য্যস্খলন স্ত্রীসঙ্গ স্বপ্ন-দোষ ইত্যাদি জ্বর বিষমতা প্রাপ্ত হয়েন।

অন্তর জ্বর লক্ষণ।

সপ্ত দিবস অন্তরে যে জ্বর হয় এবং দশ দিবস অন্তরে যে জ্বর হয়, অথবা দ্বাদশ দিবস অন্তরে যে জ্বর হয় এবং অনিয়মিত দিবসান্তর যে জ্বর হয় তাহাকে অন্তর জ্বর জানিবেন।

পিত্তজ্বর লক্ষণ।

নাড়ীতে রোগের তীক্ষ্ণতা ভেদ হয় বমন ও নিদ্রা অল্প হয়, কণ্ঠ ওষ্ঠ মুখ, নাসিকা দগ্ধ প্রায় হয়। প্রলাপ মুখ তিক্তরস মূর্চ্ছা, শরীর দাহ এবং বমন হয় এমত বোধ পিপাসা মল মূত্র চক্ষু পীতবর্ণ গাত্র ঘূর্ণায়মান। পিত্ত জ্বরে এই সকল প্রকার হয়।

অথ কফ জ্বর লক্ষণ।

জ্বরযুক্ত বস্ত্র গাত্র কেহ যেন বেস্টন করিয়াছে এমত বোধ হয়, আর নাড়ীর বেগ অল্প অলস, মুখরস শুক্রমূত্র মল স্তম্ভিত হয়, এবং ভোজন না করিয়া ভোজনের তৃপ্তিবোধ হয়, শরীরে ভার শীত গাত্র বমন, রোমহর্ষ নিদ্রা অধিক মুখ এবং নাসিকা হইতে জল নির্গত হয় অরুচি, কাশি শুক্লবর্ণ চক্ষু। কফ জ্বরে এই সকল প্রকার হয় জানিবেন।

বাতপৈত্তিক জ্বর লক্ষণ।

তৃষ্ণা মূর্চ্ছা ভ্রম দাহ হয়, নিদ্রা হয় না, এবং মস্তকে বেদনা করে, গলা এবং হস্ত পদাদির গ্রন্থি সকল যেন ভাঙ্গিয়া যায় এবং হাই উঠে, এই সকল লক্ষণ দ্বারা পৈত্তিক জ্বর বোধ করিবেন।

বাতশ্লেষ্মিক জ্বর লক্ষণ।

নাড়ীতে অল্প বেগ বোধ হয়, পূর্ব্ব সবল ভাঙ্গিয়া গেল এমত বোধ নিদ্রা অধিক, মস্তক বেদনা করে, মুখ এবং নাসিকা হইতে জল পড়ে, কাশি গুণ অধিক হয়, শরীরের তাপ অধিক হয় না, এই সকল লক্ষণ দ্বারা বাতশেলেষ্মা জ্বর নিরূপণ করিবেন।

পিত্তশ্লেষ্মাদির লক্ষণ।

মুখ তিক্তরস তন্দ্রা মোহ কাশি অরুচি, তৃষ্ণা ক্ষণে ২ শরীর দাহ এবং শীত আর কোন২ ব্যক্তির নাড়ী স্তম্ভিতা হয় অথবা কফ পিত্তের পরিবর্ত্তন অর্থাৎ কোন সময়ে শেলেষ্মা অধিক বোধ হয়, এবং কোন সময়ে পিত্ত অধিক বোধ হয়, এই সকল পিত্তশেলেষ্মা জ্বরের লক্ষণ জানিবেন।

সান্নিপাতিক জ্বরের লক্ষণ।

ক্ষণে দাহ এবং শীত, অস্থির ভিতরে জ্বালা, এবং বেদনা মস্তক বেদনা, চক্ষুর কোন হইতে রক্ত নির্গত হয়, এবং চক্ষু কৃষ্ণাকার হয়, কর্ণ বেদনা এবং কর্ণের ভিতরে নানাপ্রকার শব্দ হয়, দগ্ধ কাষ্ঠের ন্যায় জিহ্বা কৃষ্ণবর্ণ হয় এবং জিহ্বাতে টকারী ধারের ন্যায় কণ্টক হয়, অথচ জিহ্বা এমত কায় হইয়া টাকরায় উঠে, আর মুখ হইতে জল রক্ত এবং নির্গত হয়, শিরোলুণ্ঠন অতিশয় তৃষ্ণা, নিদ্রা রহিত বক্ষঃস্থল বেদনা ও ঘর্ম অতিশয় হয়। কিন্তু নিবারণ চু কাশ আর প্রস্রাব পীড়া বোধ হইলে প্রস্রাব হয় না এবং মল ঐ প্রকার। অনাহারে কৃশ হয়না, আর কোন২ ব্যক্তির গ্রীবা লম্বা এবং কাহার বা ছোট হয়। তলপেটে রাঙ্গা কাল

জ্বরোৎপত্তি কথন।

জ্বর সকল রোগ হইতে প্রধান হয়েন। কারণ দক্ষ প্রজাপতি রুদ্রকে অপমান করিয়াছিলেন তাহাতে রুদ্রক্রোধ করিয়া নিশ্বাস ত্যাগ করিলে সেই নিশ্বাসে জ্বরের জন্ম হয়, অতএব অন্যং রোগ হইতে জ্বর বলবান এবং প্রাণীদিগের শরীর ও মনের তাপজনক হয়েন সেইজ্বরকে প্রকার ভেদে অষ্ট প্রকার জানিবেন। এক জ্বরের অষ্ট দৃষ্টান্ত।

যেমন মনুষ্য। গান করিলে গায়ক বাদ্য করিলে বাদ্যকর নৃত্য করিলে নর্ত্তক কহে। ইত্যাদি কর্ম্মবিশেষে যেমন একব্যক্তির নানা নাম হয়, এইরূপ বাতিক পৈত্তিক পিত্তশ্লেষ্মিক বাতশ্লেষ্মিক বাতপৈত্তিক কফবাতিক সান্নিপাতিক আগন্তুক ইত্যাদি অষ্ট প্রকার হইয়া অষ্টনাম ধারণ করে।

শরীরের জ্বরোৎপত্তি কথন।

মিথ্যাহার অর্থাৎ ক্ষীরের সহিত মৎস্য ভোজন ইত্যাদি নিষিদ্ধ আহার যে সকল দ্রব্য আছে তাহা ভোজন এবং ভোজন পরিমান ত্যাগ করণ, ভোজন পরিমাণ যথা, অন্নেতে উদরের অর্দ্ধেক পুরণ করিবে এবং অন্ন পরিপাক কারণ উদরের চতুর্থভাগের একভাগ জলপান করিবে। অবশিষ্ট একভাগ বায়ু গমনের নিমিত্তে রাখিবেক এই উক্ত প্রকার আহার না করিয়া অকণ্ঠ পর্য্যন্তআহার করিলে জঠরের অগ্নিমান্দ্য হয় ইহা হইলে ঐ ভুক্ত অন্নাদি পাক হয় না তজ্জন্য কাণ্ঠ রস সঞ্চয় হয় তাহাতে ঐ জঠরাগ্নি আমাশায় হইতে বহির্গত হইয়া সমুদয় শরীরকে তাপযুক্ত করেন আর আমাশয় মধ্যে যে কফ পিত্ত বায়ু তাহারাও বিরুদ্ধভাব হইয়া জ্বরের কারণ হয়েন।

বাহ্যজ্বর প্রকাশ কথন।

জ্বরের উদ্ভবে শ্রম করিতে পারে না, শরীরের বর্ণ অন্যথা হয়। হাই উঠে শরীর মর্দ্দন প্রায় জিহ্বা রস শূন্য হয়, চক্ষু জলবর্ণ ন্যায় হয়, ক্ষণে ক্ষণে বায়ু সেবন মুচ্ছা করে এবং তৎক্ষণাৎ রৌদ্রে যাইতে ইচ্ছা হয়, শরীর ভার হয় রোগ হর্ষ হয় অন্নে অরুচি জন্মে ভ্রান্তি হয় শীত বোধ হয় প্রথম জ্বরে এইপ্রকার জানিবেন। অর্থাৎজ্বরের স্বাভাবিক ধর্ম্মেতে এই সকল প্রকার হয়। ইহাতে হাই উঠে কহিয়াছি তাহা বাতিক জ্বরে অতিশয় জানিবেন। এবং পিত্ত জ্বরে চক্ষু পোড়ে আর কফ জ্বরে অন্নে অরুচি হয়।

বাতিক জ্বর লক্ষণ।

কম্প এবং কর্দ্দন নাড়ীর বেগ অতিশয় উষ্ণ এবংকণ্ঠ শুষ্ক হয় নিদ্রা হয় না শরীর রুক্ষভাব হয়, মস্তক ও শরীর বেদনা করে, আর মুখের তিক্তর শুষ্ক হয় মল কঠিন, উদর ধ্বনি, হাই উঠে, বাতিক জ্বরে এই সকল লক্ষণ হয়।

কর্তৃক হংস কপোতের ন্যায় মন্দগতি। অতিশয় কফে স্তব্ধ গতি অর্থাৎ স্থিরগতি যেমন পূর্ণ গর্ভা স্ত্রীলোকে শীঘ্র গমন করিতে না পারিয়া ধীরে ধীরে তদ্রূপ কফের নাড়ীকে বোধ করিবেন।

অথ দ্বন্দজ নাড়ী প্রকার।

যে স্থানে কফ এবং পিত্তের লক্ষণ দেখিবেন তাহাকে কফ পিত্ত দ্বন্দজ বোধ করিবেন। এবং যে স্থানে কফ ও বায়ুর লক্ষণ দেখিলেন তাহাতে বাতশ্লেষ্মা রোগ জানিবেন আর যে নাড়ীতে বায়ু এবং পিত্তের গতি দেখিবেন তাহাকে বাত পৈত্তিক রোগ জানিবেন এবং যে স্থানে তিনের লক্ষণ দেখিবেন তাহাকে ত্রিদোষ রোগ জানিবেন।

অথ জ্বরযুক্ত নাড়ী প্রকার।

মনুষ্যের জ্বর হইলে নাড়ী তাপযুক্ত এবং বেগবান হয়।

সান্নিপাতি নাড়ী প্রকার।

মন্দ২ গতি এবং কুটিলা ইহাতে যদ্যপি অতিশয় কুটিল্য গতি এবং অত্যন্ত স্থিরা গতি হয় তবে সে রোগকে অসাধ্য এবং রোগীর মৃত্যু সপ্তাহের মধ্যে জানিবেন।

সান্নিপাতিকের মন্দগতি নাড়ীর দৃষ্টান্ত। যেমন মনুষ্য অত্যন্তদুর্ব্বল হইলে এক দুইপদ পরিমিত ভূমি কষ্টেতে গমন করিয়া পুনর্ব্বার দণ্ডায় মান হয় তাহার ন্যায় সান্নপাতিক নাড়ী গমন করিতে২ স্থির হয় এবং সেই স্থিতিকালে কখন সূক্ষ্মগতি হয় না পুনর্ব্বার তর্জ্জনী অঙ্গুলীতে গতি বোধ হইয়া যেন অধোতে স্খলিত হইয়া পড়ে এমত দেখিলে সে নাড়ীকে অসাধ্য জানিবেন এবং স্বভাব পরিত্যাগী ও যথেচ্ছাচারী উন্মত্ত ব্যক্তির ন্যায় নাড়ী যদ্যপি স্বভাব গতি ত্যাগ করিয়া যথেচ্ছাচারিণী হয়, তবে রোগীর জীবন সংশয় জানিবেন, ইহাতে যদি তর্জ্জনী অঙ্গুলিতে নাড়ীর গতি কিছুই বোধ না হইয়া কেবল মধ্যমা অনামিকাতে নাড়ীর গতি বোধ হয় পরে একবার তর্জ্জনীতে বোধ হয় তবে অর্দ্ধ প্রহরের পর রোগীর মৃত্যু জানিবেন, আর যদি ঐ প্রকার হইয়া তর্জ্জনীর অর্দ্ধ পর্য্যন্ত নাড়ী বোধ হয় পরে তর্জ্জনীতে সংপূর্ণ বোধ কিঞ্চিৎ বিলম্বেতে না হয় তবে সে রোগীর মৃত্যু এক প্রহরে পর হয়।

নাড়ীর জ্ঞান স্থূল প্রকার।

বায়ুতে বক্রগতি, পিত্তে অত্যন্ত চঞ্চলা, কফে স্থির এবং মন্দ গতি জানিবেন।

সামান্যরূপ নাড়ীর সূক্ষ্ম শীতল কথন। গুরুপাক দ্রব্য ভোজন করিলে নাড়ী মোটা হয় এবং লঙ্কামরীচাদি দ্রব্য ভোজন করিলে নাড়ী অতি চঞ্চলা হয়। আর মিষ্টরস দ্রব্য ভোজন করিলে নাড়ী স্তব্ধ হয়।

ইতি সারকৌমুদ্যাং নাড়ী পরীক্ষা সমাপ্তঃ।

অথ নাসিকা পরীক্ষা।

নাসিকা শুক্লবর্ণ কিম্বা কৃষ্ণবর্ণ শুষ্ক ও বোটা কিম্বা কিঞ্চিৎ হেলিয়া পড়ে অথবা বসিয়া যায় কিম্বা কোনদ্রব্যের ঘ্রাণ না পায় এবং স্ফটিত হয় কিম্বা কোন পীড়াযুক্ত হয় অথবা নাসিকার অগ্রে বিজাতীয় স্ফোটক হয় তবে মৃত্যু লক্ষণ জানিবেন। অথ নাড়ী পরীক্ষা।

পুরুষের দক্ষিণ হস্ত স্ত্রীলোকের বামহস্ত স্পর্শ করিয়া দেখিবেন। বৈদ্য রোগীর দক্ষিণ হস্তের মূল আপনার বামহস্ত তালুকাতে রাখিয়া রোগীর দক্ষিণ হস্তের বৃদ্ধাঙ্গুলের অধো যে বর সন্ধি স্থানে আছে তাহার অধোতে আপনার তিন অঙ্গুলির অগ্রভাগ যোগ করিবেন পরে নিজ শরীরকে ঈষৎ নম্রভাগ করিবেন ও তর্জ্জনী উর্দ্ধে মধ্যমা, মধ্যে অনামিকা, অধোতে রাখিবেন। এমত করিলে নাড়ীর শুভ শুভ ফল বোধ হয়। আর ভোজনের পরক্ষণে এবং স্নান করিবামাত্র ও রোগীর অত্যন্ত ক্ষুধা তৃষ্ণা হইলে নাড়ী উত্তম রূপে বোধ করিতে পারে না এবং দূর হইতে চলিয়া আসিলে অথবা পরিশ্রম করিলে কিম্বা অত্যন্ত তৈল মর্দ্দনের পর ও নিদ্রাকাল এই সকল সময়ে নাড়ী পরীক্ষা হয় না, অতএব সুস্থির হইলে কিঞ্চিৎকাল বিলম্বে পরীক্ষা করিবেন কিন্তু নাড়ী পরীক্ষা একবার হস্ত স্পর্শ করিলে হইতে পারে না পুনঃ২ দেখিতে হয় অভাবে দুইবার নাড়ী ধরিয়া অবশ্য দেখিবেন আর কোন মনুষ্যের হস্তে নাড়ী বোধ হয় না একারণ পূর্ব্বোক্ত বিধিক্রমে পরে নাড়ী ধরিয়া দেখিবেন। অথ বাতাত্মিকা নাড়ী গতি প্রকার।

বাত পিত্ত কফাত্মিকা ক্রমে নাড়ীর গতিক উত্তমরূপে বিবেচনা করিবেন। নাড়ীধারণ করিবামাত্র যে নাড়ীর কুটিলা গতি বোধহয় তাহাকে বাতাত্মিকা জানিবেন অর্থাৎ বায়ুর কুটিলা গতিদ্বারা নাড়ীর কুটিলা গতি হয়। গতি দৃষ্টান্ত, তৃণ জলৌকা অর্থাৎ তৃণে গমনকালীন যাদৃশী গতি তাদৃশী। এবং সর্প গমনকালীন যদৃশ বক্র হইয়া গমন করে তাদৃশ জানিবেন।

অথ পিত্তাত্মিকা নাড়ী গতি প্রকার।

রোগীর সর্ব্বাঙ্গ উত্তপ্ত করিয়া এবং হস্ত পদাদি অগ্নি জ্বালাযুক্তা প্রায় করিয়া কাক এত ভেকের ন্যায় যাহার গতি হয় তাহাকে পিত্তাত্মিকা জানিবেক। অর্থাৎ কাক, এবং ভেক যেমন লাফ দিয়া গমন করে তাহার ন্যায় পিত্তের নাড়ী গমন করে।

অথ কফাত্মিকা নাড়ী গতি প্রকার।

হংসের ন্যায় ঈষৎ হেলায়মান অথচ মন্দ মন্দ হইয়া যাহার গতি এবং কপোতের ন্যায় মন্দ২ হইয়া যাহার গতি এবং ময়ূরের ন্যায় যাহাকে স্থূল গতি প্রায় বোধ হয় তাহাকে কফাত্মিক জানিবেন। দ্বি

[illegible]শেতে এবং অমুক্তাহারাদিতে [illegible] জানিবার কারণ লিখিয়েছি। যে সকল রোগে যে সকল ঔষধ শাস্ত্রে উক্ত আছে সে [illegible] করিলে যে যে রোগ ভাল না হয় সেই সব অদৃষ্ট জাত জানিবা, আর ঔষধাদি দ্বারা যে সকল রোগ ভালহয় সে সমস্ত অমুক্তাহারাদিজ [illegible] জানিবেন।

ইতি ভাষা সারকৌমুদ্যাং রোগ নিরূপণাধিকার।

সমাপ্ত।

রোগীর মুত্র পরীক্ষা।

স্বচ্ছন সরাতে রোগীর মুত্র ধরিয়া তাহাতে এক বিন্দু তৈল দিবে ঐ তৈল যদি সরিয়া বেড়ায় তবে বায়ব্যাধি জানিবেন এবং বিন্দু২ হইয়া তৈল যদ্যপি ছাড়িয়া পড়ে তবে পিত্তের চিহ্ন জানিবেন আর ঐ তৈল বিন্দু যদ্যপি ঘন হয় তবে কফের লক্ষণ জানিবেন। এবং তৈল বিন্দু যদি মুত্রে ডুবিয়া পড়ে ভাসিয়া উঠে তবে সে সান্নিপাতিক রোগ জানিবেন; আর ঐ তৈলবিন্দু যদ্যপি পূর্ব্বদিকে সরে তবে সে রোগ অতিশীঘ্র ভাল হব,এবং যদি দক্ষিণদিকে সরিয়া যায় তবে সেরোগ ক্রমে২ বিশেষ হইয়া ভাল হয়; যদি পশ্চিমদিগে যায় তবে অল্প চিকিৎসাতে ভাল হয়। আর যদি উত্তরে যায় তথাপিও রোগ হইতে মুক্ত হয়। আর যদি ঈশানকোণে যায় তবে সে রোগীর এক মাসের মধ্যে প্রাণত্যাগ হয়। আর যদি মুত্রে তৈলবিন্দু দিবামাত্রে নানাবর্ণ হইয়া ভিন্ন২ হয় তবে সে রোগীর মৃত্যু হয় জানিবেন। আর যদি তৈলবিন্দু পুনঃ২ ডোবে ভাসে কিম্বা মিশাইয়া যায় তবে সেরোগী মৃত্যুবৎ হইয়া বাঁচে। পিত্তরোগের মুত্র পাণ্ডুবর্ণ কফ রোগে মুত্র ফেণাযুক্ত বায়রোগে রক্তবর্ণ ইহাতে রোগ যদি দ্বন্দজ হয় তবে মুত্র মিশ্রবর্ণ হয অতএব দ্বন্দজ রোগের মুত্র বিবেচনা উত্তমরূপে করিবেন সন্নিপাত রোগে মুত্র কালবর্ণ হয।

ইতি ভাষা সারকৌমুদ্যাং মুত্র পরীক্ষা সমাপ্ত।

অথ জিহ্বা পরীক্ষা।

জিহ্বা যদি সরু কিম্বা পাতলা হয় তাহাতে এবং তাহাতে উহার [illegible] অথচ স্ফোটকযুক্ত হয় তবে তাহাকে বায়ুজরোগ জানিবেন এবং জিহ্বা হইতে রক্তস্রাব হইলে পিত্তজ বোধ করিবেন। আর শুক্লবর্ণ ও তাহাতে অম্বল রস বোধ ও জাড্য হৈতে জল নিঃসরণ যদি হয় তবে তাহাকে শ্লেষ্মজ রোগ বলিবেন। এবং কৃষ্ণবর্ণ অথচ কুঞ্চিত হইয়া [illegible] আর ও শুষ্ক হয় তারে সান্নিপাতিক জ্ঞান করিবেক। আর [illegible] রোগে মিশ্র লক্ষণ হয়। পুনশ্চ সন্নিপাতিকে অতি [illegible] [illegible] মুখ হইতে যদি বহির্গত হয় কিম্বা উলটিয়া পড়ে [illegible] [illegible] হয় তবে রোগী মৃত্যু অতি নিকট জানিবে।

কফস্য বাহ্য লক্ষণ।

বুদ্ধি শরীরের স্থূলতা ও শরীর লাবণ্য আর সর্ব্ব প্রশংসিত কেশ, এবং নিদ্রাবস্থাতে জল দর্শন এই প্রকার বাহ্য লক্ষণ হেতু কফের বোধ করিবেন বায়ু পিত্ত কফ দ্বন্দ্ব যে সাবধান হইয়া চিকিৎসা করিবেন যে স্থানে পিত্ত এবং কফ উভয়ে চিহ্ন দেখিবেন সে স্থানে উভয়ের যোগ বোধ করিয়াও বাতশ্লেষ্মার যোগ এই প্রকার জানিয়া পরস্পরের নিবারণ ঔষধ দিবেন। যদ্যপি এরূপ বোধ হয় যে কফ পিত্তের যোগ কি প্রকারে হয়। কফ জলস্বরূপ পিত্ত অগ্নি স্বরূপ অতএব উভয়ের যোগে ধ্বংশ কেন না হয় ইহার দৃষ্টান্ত পূর্ব্বক লিখিতেছি পরমেশ্বরের অসাধ্য সাধনে ক্ষমতাপ্রযুক্ত সকল বিষয় সুসাধ্য সম্ভব হয়, দেখ বিা যে কীট বিষ মধ্যে থাকিয়া যে রূপ জীবন ধারণ করে। তদ্রূপ অগ্নিনাশক জল রূপ কফের সহিত পিত্ত রূপাগ্নি মিলিত হইয়া জীবন ধারণ করেন।

বায়ুবৃদ্ধি প্রকরণ।

ধাবন দ্রুত গমন উপবাস উচ্চঃ হইতে পতন অথবা কেবল পতনহস্ত পদাদি ভঞ্জন, স্বপ্নদোষ রাত্রি জাগরণ, মলমূত্র বেগ ধারণ, অতিশয় শীতল ক্রিয়া ভয় প্রাপ্ত হওন রুক্ষদ্রব্য ভোজন ক্ষুধার্ত্ত হওন, কটু তিক্ত কষায় দ্রব্য ভোজন, মেঘারম্ভ কাল বৃষ্টিসময়ে ভোজনান্তর কালভোজন শেষ ইহাতে বায় কুপিত হইয়া বৃদ্ধ হয় কিন্তু ইহার মধ্যে কটু তিক্ত কষায় দ্রব্য যে কহিয়াছি তাহা যদ্যপি পাঁচনে কিম্বা ঔষধাদিতে থাকে তবে তাহাতে বৃদ্ধি হয় না।

পিত্ত বৃদ্ধি প্রকরণ।

লঙ্কা মরীচাদি টকদ্রব্য অম্বল দ্রব্য তাপযুক্ত দগ্ধদ্রব্য আর বিষাংশ যে সকল দ্রব্য ও লবণ ক্রোধ উপবাস অগ্রহায়ণ স্ত্রীসঙ্গ তিল মসলা দধি এই তিন দ্রব্য ভোজন এবং সুরাপান শোকাকুল টক আমানি ভোজনান্তর ভোজন শেষ ইহার মধ্যকাল ও জলসমূহ গোলের মধ্যে স্থিতি মধ্যাহ্নকাল মধ্যরাত্রি ইত্যাদিতে পিত্ত কোপযুক্ত হইয়া বৃদ্ধি হয়। ইহাতে যে রৌদ্র কহিয়াছি সে পৃষ্ঠলগ্ন ভিন্ন জানিবেন। এবং মধুতে পিত্তনষ্ট করে জানিয়া মধুর বিষাংশ দূর না করিয়া ঔষধ সেবন করেন তাহাতে ঔষধ উপকারী না হইয়া অপকারি হয়েন, অতএব মধু শোধন কর্ত্তব্য।

ইতি ভাষা রচিত সারকৌমুদ্যাং শরীরাধিকারো নাম
দ্বিতীয় পরিচ্ছেদ।

রোগ বিশেষ অসাধ্য কৃচ্ছ্র সাধ্য এবং কোন রোগ সাধ্য অতএব উপযুক্ত ঔষধ এবং গৃহশান্তি ও স্বস্ত্যয়ন দ্বারা সকলের অবস্থান্তর, অর্থাৎ সাধ্য রোগ আপ্য হইয়া কৃচ্ছ্রসাধ্য সুসাধ্য হয়। অতএব চিকিৎসার আবশ্যকতা পরে পূর্ব্বজন্মকৃতাকর্ম্ম দোষ আর ইহ জন্মের

তাপ দিলে মস্তকের শ্লেষ্মা নষ্ট হয়, অ র পুরাহর অধিক কফে বাঙ্গী চিত র মুল মরীচ দিয়া কাটীয়া খাওযাইবেক কিন্তু ইহা স্ত্রীলোককে কদাচ দিবে না মসুরী এবং ছোলার ছাতু ভোজন আর নাগরদোলায় দোলন মল্লযুদ্ধ স্ত্রী’ঙ্গ উপহাস দৌড়ান আর ভেদ বমন করান এবং জাগরণ এই সকল কারণে কফ নষ্ট হয়।

শারীরিক মানসিক ব্যাধির বিশেষ কথন।

শরীর পীড়াবক কফ পিত্ত বায়ু এই তিনকে জানিবেক মন পীড়াদায়ক, তমো রজ সত্ত্ব এই তিন গুণ ক জানিবেন। কিঞ্চিদুক্ত কথনং নানা প্রকার জ্বর এবং গ্রহিণী কাস শ্বাস শূল কুষ্ঠ প্রভৃতি রোগ, বাত পিত্ত কফ দ্বারা জন্মায় এবং বিষাদ ভয় উৎসাহহীন ইত্যাদি মানস পীড়াকে সত্ত্ব রজঃ তমোগুণ জ ত জানিবেক এই দুই পীড়া র মধ্যে শরীরিক পীড়ার চিকিৎসা এই গ্রন্থে লিখিবে কিন্তু মানসিক পীড়ার চিকিৎসা লিখিব না কারণ তাহা রোগ পত্র বিশেষে লিখিযা ছন এবং এই মনঃ পীড়ার কারন মহামোহ, অত এবং মহামোহ জাত যে রোগ বিশেষ তাহার ঔষধ আস্তিকা বৈরাগ্য। ধৈর্য্য স্মৃতিধ্যান ধারণা কিন্তু ইহাতে উপদেষ্টা শ্রীগুরুদেব হইয়াছেন, অতএব অন্য উত্তমোষ্ঠা হৈতে পাকে না।

শারীরিক বিষয় কথন।

শরীর মধ্যে কফ পিত্ত বায়ু যে আছেন তাঁহারা স্বভাব দ্বারা কিম্বা অহিতাদি করণ দ্ব রা কদাচ কফ বৃদ্ধি কখন বা পিত্ত বৃদ্ধি কদাচ বা বায়ু বৃদ্ধি করেন ইহাকে জ্ঞানবান বৈদ্য এ তিনে র মধ্যে যে দুর্ব্বল তাহার বৃদ্ধি এবং বলবানের হ্রাস ও সাম্যের পালন করিবেন ইহা করিলে উত্তম বৈদ্য হয়েন।

পুনঃ কফ পিত্ত লক্ষণ।

কফ পিত্ত বায়ুকে শরীরে বাহ্য লক্ষণ দৃষ্টি দ্বারা এবং রোগী স্বপ্ন যে প্রকার দর্শন হয় তাহা জিজ্ঞাসা করিয়া কফ পিত্ত বায়ুর প্রবলতা বোধ করিতে পারিবেন।

বায়ুর বাহ্য লক্ষণ।

শরীরে কার্শ্যতা এবং লাবণ্য রাহিত্য ও অল্প কেশ এবং সর্ব্বদা মন চঞ্চল ও সর্ব্বদা মনের ভ্রম আর নিদ্রাবস্থাতে বিস্তর বাক্য এবং স্বপ্নাবস্থাতে অধিক ভ্রমণ এই সকল বাহ্য লক্ষণ দ্বারা বায়ুকে বোধ করিবেন।

পিত্তস্য বাহ্য লক্ষণ।

বয়ঃপ্রাপ্ত না হইলে কেশের শুক্লবর্ণ প্রাপ্তি এবং বাইসম্বন্ধের ন্যায় শরীরের বর্ণ আর নীচলকের মত সকল কর্ম্মে ক্রোধযুক্ত হইয়া গমনকরণ এবং বুদ্ধির প্রখরতা আর নিদ্রাবস্থাতে আলোক ময় দর্শন এই নানা বাহ্য লক্ষণ দ্বারা পিত্তকে জ্ঞান হইবেন।

কফ, শ্বেতবর্ণ ও ঘর্ম মূত্র শ্বেতবর্ণ, অলস হইলে দুষ্ট জানিবেন পিত্ত শ্লেষ্মা পিত্তবায়ু বাতপিত্ত ইত্যাদি।

সান্নিপাতিক লক্ষণ।

বায়ু পিত্ত কফের যে প্রকার পূর্ব্বে লিখিয়াছি সেইমত বিবেচনায় যে স্থানে পিত্ত ও কফ এই দুয়ের লক্ষণ দেখিবেন, সেস্থানে পিত্তশ্লেষ্মা রোগ জানিবেন এইপ্রকার বাতশ্লেষ্মা এবং বায়ু পিত্ত পিত্তবায়ু এই তিনের লক্ষণ প্রবল দেখিলে সান্নিপাতিক কিন্তু ঐ প্রবল তিনের মধ্যে যিনি অধিক প্রবল হইবেন তাহার চিকিৎসা অগ্রে করিবেন।

বায়ু দমন প্রকরণ।

শীতল ও উষ্ণ জল একত্র করিয়া স্নান যেসকল দ্রব্য দ্বারা শুক্রবৃদ্ধি হয় তাহা ভোজন এবং বলবৃদ্ধি যাহাতে হয় তাহা ভোজন এবং সুস্বাদ অম্ল সৈন্ধবের সহিত ভোজন তিলতৈল এবং বায়ু নিবারক পাক তৈল মর্দ্দন করিয়া স্নান ও ছাগমাংস ভোজন করা মদিরপান এবং নারিকেলের শাঁস এবং পদ্মপত্রে শয়ন আতপ ভোজন তণ্ডুলের জল ধৌত করিয়া ভোজন ও ভোজনান্তে স্নান এই সকল প্রকারে বায়ু দমন হয়েন।

পিত্ত দমন প্রকরণ।

পটোলপত্রের রস এবং কটকী চিরাতা ইন্দ্রযব ইহাদিগের কাথ আর হরিতকী আমলকী ইহার রস মিষ্টরসে পাককরিয়া ভোজন আর শীতল বায়ু ও নিম্নছায় সেবন, পোয়াল ভোজন ইহাতে অবশ্যই পিত্ত নষ্ট হয়, আর দ্বারা দিয়া যেকোনস্থানে বস্ত্র সংলগ্ন গাত্রে সংলগ্ন হয় বৃষ্টির জলপান স্ত্রীসঙ্গ ত্যাগ ঘৃত ভোজন ও ঔষধদ্বারা ভেদ বমন হওন আবশ্যক কৃত্রিম ঘর্ম্ম নির্গত করণ, রক্ত মোক্ষণ হরিদ্রাদি মর্দ্দন ও গোমূত্র পান ও কুষ্মাণ্ড ভোজন আর ছোলার জল ইক্ষুরস গুলঞ্চের পালো কিম্বা গুলঞ্চের কাথ সেফালিকা পত্ররস খেৎপাপড়া রস ধনিয়া মধুপান ভোজন ইত্যাদিতে পিত্ত নষ্ট হয়।

কফ দমন প্রকরণ।

ঘৃত রহিত রুটি এবং তণ্ডুল চিপীটক মণ্ডক কুষ্ঠকলাই ভোজন আর ওল মানকচু কাঁচকলা আদি ভাজা দ্রব্য মাত্র কিন্তু তৈল ঘৃতাদি ভাজা ভিন্ন আর তণ্ডুল হাঁড়িতে কিঞ্চিৎ উষ্ণকরিয়া সেই তণ্ডুলের জল উষ্ণ থাকিতে ঐ সকল রুক্ষ ভাজার সহিত ভোজন ও উষ্ণজল পান, আর রুক্ষ হরিদ্রা গাত্রে লেপন, আর বিভূতি লেপন, সিদ্ধি পত্ররস তুলসীর রস তালসাঁড়ার রস এই সকল দ্রব্য পান অগ্নিতাপ শুণ্ঠী পিপুল মরীচ মৃগনাভী কস্তুরী পানের রসে বাটিয়া খাওন আর নিজ্জল আদারসের সহিত সৈন্ধবলবণ একটু চূর্ণ মুখমধ্যে রাখিলে শ্লেষ্মা নির্গত হয় একটুর নস্যআর এরণ্ডপত্র মধ্যে বালুকা পুটুলী করিয়া মস্তকে অ

করিতে ইচ্ছা হয় এবং কম্প পুরতঙ্গ আর কর্ম্মফল হইলেও অগল প্রযুক্ত কর্ম্মে না যাওন, অকারণ অতিশয় পরিশ্রম করণ এবং গত বিষয় সুখের নিমিত্ত পুনঃ২ খেদ করিয়া লোকের নিকট কথন ত্রাস ভুল ক্রোধ এবং যে কোন শব্দ হইলে কর্ণে রোধবোধ আর সুন্দররূপে যে বিষয় কর্ম্ম করিয়াছ তাহার স্মরণ করিতে পারে না এবং হস্তাদির কর্ম্ম হঠাৎ রোধ হওন, অর্থাৎ ভোজনাদি করিতে২ অবশ। আর অপরাধী না হইলেও লোকের সর্ব্বদা তাড়ন আর হর্ষ বিষাদ পরিশ্রম ইহার কোন কারণ উপস্থিত নাথাকিলেও অন্তঃকরণ মধ্যেসর্ব্বদা উল্লাস করণ এবংলোমাঞ্চ কি কফ জন্য লোমাঞ্চ কহিয়াছি, অতএব উভয়ের ভেদআছে লোমাঞ্চ হইয়া শরীর ভাল হইলে কফ জন্য এবং লাঘব হইলে বায়ু জন্য আর পিত্ত কফকে নানা স্থানে ক্ষেপন গুটাইয়া লওন, শরীরের রস শোষণ, কোন ব্যক্তি কর্তৃক দৃঢ় আলিঙ্গনেরন্যায় ধারণ,আর শরীর মধ্যে সুতন ছিদ্র জ্ঞান এবং চক্ষু শরীর মূল প্রভৃতি কৃষ্ণবর্ণ অথবা রক্তবর্ণ, আর অতিশয় তৃষ্ণা হইলে জল পান করিতে ইচ্ছা না হওন এবং নখ মধ্যে কষায়বোধ ইত্যাদি বায় পরম দেবতা স্বরূপ শরীর মধ্যে রাজার ন্যায় তাহাকে বোধ করিবেন, দৃষ্টান্তরাজা কোপ করিলে প্রজাকে অনায়াসে নষ্ট করিতে পারেন এইরূপথায় কোপযুক্ত হইয়া পিত্তাধিক্যে নষ্টকরিয়া শরীরকে নষ্ট করিতে পারেন, অতএব বৈদ্য কফ পিত্তকে সমভাবে রাখিয়া বায়ুর চিকিৎসা অতি সাবধানে করিবেন কিন্তু বায়ু চিকিৎসা অল্প ফলভোগী হয়।

পিত্ত লক্ষণ।

মনুষ্যের গলা বো জ্বালা করিয়া অম্বলের ন্যায় যে উদ্গারহয় এবং অকরণ অধিক বাক্য কহন ও অতিশয় ঘর্ম্ম অথাৎ যে ঘর্ম্ম হইয়া ধারা বাহির হও ও মুর্চ্ছা হয় এবং চক্ষু জিহ্বা শরীরের কোন অন্য স্থান অগ্নিশিখা যুক্ত তুল্য হইয়া যেদগ্ধ হইতেছে, আর অরুচি এবং জলপান করিতে ইচ্ছাথে জল খাইতে পারে না, এবং ক্রোধ ও বাক্যের ভুল, মুখ তিক্তাতোর জন্যে ভোজন করিতে পারে না, কিন্তু পুনঃ২ ভোজন করিতে ইচ্ছা হয়; আর গৃহ প্রবেশ করিয়া বোধ এবং জিহ্বা তিক্ত, অম্বল ঝাল্ল রস আর পীতবর্ণ মলত্যাগ হয়, আর জড়তা হইয়া মদ্যো মত্তের ন্যায় বাক্যস্খলন হয়।

কফ লক্ষণ।

ভোজন না করিয়া ভোজন করিয়া এত বোধ এবং তন্দ্র অতিশয়,মল গুরুও এবং অধিক হয় এবং সর্ব্বদা শীতল দ্রব্য ভোজন করিতে ইচ্ছা এবং শীতল দ্রব্যগাত্রে মাখিতে ইচ্ছা আর আগুণ পোহাইতে ইচ্ছা ও শোথ অধিক নিদ্রা আর ঝাল রস দ্রব্য খাইতে ইচ্ছা,

রূপে সম্ভব ইহার দৃষ্টান্ত হলাহল সর্পমুখে থাকিয়া সর্পকে নষ্ট করে না অথচ বলবান করে অর্থাৎ নির্ব্বিষ সর্প হইতে বিষবিশিষ্টসর্পকে বলবান করিয়া কহা যায় সেইপ্রকার রুদ্ররূপী অবলম্বক কফ আমাশয়ে অধিষ্ঠান করিয়া আমাশয় গত কফ ও পিত্ত হইয়া পরস্পর নাশ হইতে রক্ষা করিতেছেন, অতএব শরীর রক্ষা কারণ অবলম্বক নামা কফ।

শরীর নাশের কারন।

প্রাপ্তকাল হইলে শরীর সক্ষম ঐ অবলম্বক কফ ইনি শরীর রক্ষার মূল আমাশয় গত কফ পিত্ত বায়ু ইহার মধ্যে পিত্তকে গ্রাস করিয়া বায়ুকে নষ্টকরিতে না পারিয়া শরীরকে যেপ্রকার কষ্টকরে তাহা দৃষ্টান্ত পূর্ব্বক লিখিতেছি। জল পাকোদয় নৌকা অনায়াসে সমুদ্র গমন করে, কিন্তু নৌকাস্থ অগ্নি এবং জল নৌকার নাশ কারণ তৎকালীন হয় না, পরে কালপ্রাপ্ত হইলে বায়ুর ব্যতিক্রমে অথবা অন্যকোন প্রকারে সেই সমুদ্র ঐনৌকাতে আপন জলে মগ্নকরিয়া নৌকাস্থিত অগ্নি এবং জলকে নষ্ট করত নৌকাকে যেমন নষ্ট করে তাহার ন্যায় আমাশয় গত রুদ্র রূপে ঐ অবলম্বক কফ আমাশয় গত অগ্নিরূপী পিত্ত এবং জলরূপ শ্লেষ্মাকে বায়ু ব্যতিক্রমে নষ্ট করেন এইপ্রকারে আমাশয় গতকফ শরীর সংহারের কারণ হয়।

পিত্ত কফ বায়ুর অধিকার কথন।

বর্ষা আর শরৎ এইঋতুতে যে চারিমাস ইহাতে পিত্তের অধিকার। এবং শিশির ও শীতএই দুই ঋতু কফের অধিকার বসন্ত এবং গ্রীষ্ম এই দুই ঋতুতে বায়ুর অধিকার। এইপ্রকার বৎসরের মধ্যেপিত্ত কফ বায়ুর অধিকার হয় ইহার ঔষধ ঋতুরঅধিকারে দিতে হইবেক দেশকাল পাত্র বিবেচনা অত্যাবশ্যক জানিবে।

মধুশোধন বিধি।

নিক্ষে মধু তৌল করিয়া তাহাতে উপযুক্ত কিঞ্চিৎ জল দিয়া নূতন পাত্রে চুলার উপর বসাইয়া মধ্যম জালে পাক করিলে ফেনা হইবে ও ক্রমেং জল নিঃশেষ এইরূপ মধু শোধন হইবেক।

কফ বৃদ্ধি প্রকরণ।

শিশির কুজঝটিকা এবং প্রাতঃকালে ভোজন বসন্তকালে মিষ্টদ্রব্য ভোজন অতি শীতল দুগ্ধপান এবং ইক্ষুরস পান তক্র দিবা নিদ্রা লুচি হইতে উত্তম রূপে ঘৃত নিঃশেষ হইলে সেই লুচি এবং পিষ্টকাদি দ্রব্য ভোজন এই সকলে শ্লেষ্মা বৃদ্ধি হয়।

বায়ুরোগ প্রকরণ।

হঠাৎ পদাবশ হয় এবং মলদ্বার বেদনা করে মূর্চ্ছা অন্তবৃদ্ধি অতি মৌন হইয়া স্তব্ধেরন্যায় থাকে, আর পৃষ্ঠ জানু কপালভ্রূ ইহাদের চালনা দন্ত কিড়িমিড়ি এবং দন্তপাটি এবং বাকা উরুদেশ ছোয়ালি স্তম্ভিত চক্ষু হৃদয় গলদেশ মস্তক আর ধ্বজভঙ্গভ্রূ ও দন্ত স্থানের অন্তর হয় উপরাধন এবং নাড়ি আদির স্তম্ভন আম তৈলমর্দ্দন করিলে ও গাত্র রুক্ষ এবং চর্ম্মস্ফোটন ও দলন এবং ভোজন করিলে শান্ত

করিতে পারেন না কেবল স্থূল মাত্র বোধ করিয়া চিকিৎসাতে অধিকারী হয়েন। অতএব প্রাকৃত মনুষ্যের বোধগম্য হয় না এবং শরীর মধ্যে পিত্তশ্লেষ্মার স্থিতি মুনিগণেরা অন্ত দৃষ্টিতে দেখিয়াছেন তাহা সারং কৌমুদী গ্রন্থে কিঞ্চিৎ প্রকাশ আছে, বিস্তাররূপে প্রাকার তন্ত্র শাস্ত্রে ও শঙ্কর ভাষ্যে আছে তাহা সকল জানিয়া চিকিৎসা করা দুর্ঘট অতএব বঙ্গভাষা রচিত গ্রন্থ অল্পায়াসে বোধগম্য হইলে শীঘ্র চিকিৎসাতে সক্ষম হইবেন।

পিত্তশ্লেষ্মার স্থিতি প্রকরণ।

যথা নাভিমূল ও আমাশয় এবং শরীরে জলস্থান ও রক্তাশয় এই সকল পিত্তের স্থান তত্রাপি ইহার বিশেষ স্থান নাভিমূলে, সেই নাভিমূলস্থ যিনি পর্কাধান তিনি ভূতাত্মক। কিন্তু সেই স্থানে পরমেশ্বরের তৈজস কোষের অধিষ্ঠান, অতএব তাহাকে বৈদ্য কহিতে হইবে নতুবা তিনি কান শক্তি দ্বারা অন্ন পরিপাক করিয়া অসার ভাগ ত্যাগ পূর্বক সার ভাগ গ্রহণ করিয়া সপ্তধাতুতে ভিন্ন২ সৃজন পূর্বক শরীরকে বলবান করিয়া রক্ষা করেন। এবং শরীরের মধ্যে যে ঈশ্বর রূপাদি দর্শন হয় তাহাও তৈজস কোষের শক্তি এবং শরীর মধ্যে মল স্থান নাভিমূল ইহাতে পক্কাশয় পরম দেবতারূপ আছেন ইহার বিষয় উত্তমরূপ বোধ করিয়া চিকিৎসা করিবেক।

শ্লেষ্মা প্রকরণ।

শ্লেষ্মা এবং কফ এই দুই শব্দের একার্থ স্বভাবে অর্থাৎ জল রূপে থাকিলে শ্লেষ্ম এবং বিকারপ্রাপ্ত হইলে মলরূপ কফ ইহার স্থান বক্ষ কণ্ঠ মস্তকে উদরের ঊর্দ্ধ বক্ষের অধঃ অর্থাৎ যে স্থান কড় হয় সেইস্থান এবং শরীরের সন্ধিসকল ও আমাশয় রস মেদ নাসিকা জিহ্বা এইসকল থাকিলেও বক্ষঃস্থলে বিশেষ রূপে থাকেন, ইহার মধ্যে আমাশয়স্থ রক্ষ পঞ্চনাম গ্রহণ করিয়া পঞ্চ কার্য্য করেন।

পঞ্চ নাম কথা।

অবলম্বকঃ ক্লেদকঃ বোধকঃ তর্পকঃ শ্লেষ্মকঃ।

পঞ্চ কার্য্য যথা।

ক্লেদক নামা কফ আমাশয় গত দ্রব্যাদিতে কর্দম ন্যায় করেন, বোধক রসনেতে থাকিয়া রসবোধ করান তর্পক মস্তকে থাকিয়া চক্ষুঃ নির্গত করেন, শ্লেষ্মক শরীরের সন্ধিতে থাকিয়া শিথলী করন করিয়া গমনাদি করান, আদি শব্দের অর্থ সমুদয় সন্ধিস্থানের কার্য্য করান। কিন্তু শ্লেষ্মক না থাকিলে হস্ত পদাদির প্রসারণ অকুঞ্চন ইত্যাদি হইত না কেবল দণ্ডের ন্যায় থাকিতে এবং কফ ক্রুর হইলে সন্ধিস্থানে থাকিয়া অবশ্য পীড়াদায়ক হয়েন।

অবলম্বক কফ শরীর নাশ এবং রক্ষার কারণ।

অবলম্বক রুদ্ররূপী কফ জলরূপে আমাশয়ে থাকিয়া শরীর রক্ষা ...ণ হয়েন, কিন্তু নাশের কারণ হইয়া রক্ষার কারণ কি

কালের সন্ধি বায়ু এবং কফ উভয় মিলিত হইয়া অধিকার হয়েন। ও রাত্রিকালে ঐ প্রকার কফ পিত্ত বায়ুর তাহাতে সন্ধিকাল ত্যাগ করিবার বিষয় নাই।

শরীরের কফ পিত্ত বায়ুর অধিক প্রকরণ।

কোটিদেশ পর্য্যন্ত অধোভোগ কফের ঊর্দ্ধে গলা পর্য্যন্ত পিত্তে এবং কেশ মূল পর্য্যন্ত বায়ু অধিকার সন্ধিস্থানে বাতশ্লেষ্মার অধিকার, কলিযুগের মনুষ্যের আয়ুর নিয়ম নাই আকালমৃত্যু হইয়াছে তাহাতে বয়সের মধ্যে তিনের কিরূপ অধিকার হইবে তাহা বৈদ্য বিবেচনা করিবেন শত বৎসর মনুষ্যের আয়ু তাহা তিন অংশ করিয়া পূর্ব্বোক্তক্রমে ঐ তিনের অধিকার জানিবেন। কফ পিত্ত এই দুই অচল কিন্তু বায়ু সচল হয়েন কেবল বায়ুর শক্তিতে কফও পিত্ত গমন করে যেমন প্রবল বায়ু কর্ত্তৃক মেঘ সর্ব্বত্র ভ্রমণ করে তদ্রূপ বায়ুর কর্ত্তৃক কফ পিত্ত সর্ব্বাঙ্গ ব্যাপিত হয়। অতএব কোন২ রোগে কফ পিত্তের সাম্য রাখিয়া বায়ুর দমন অগ্রে করিবেন।

নাভির অধোতে পাকাশয় আছে সেই স্থান বায়ুর ও নাভির ঊর্দ্ধে আমাশয় আছে সে কফের স্থান এই দুই স্থানের মধ্যস্থান অগ্নি তুল্য পিত্তস্থান হয়।

পক্বাশয় কটিদেশ ও গুহ্য কর্ণ চক্ষু স্পর্শেন্দ্রিয় এই সকল বায়ুর হয় তত্রাপি পক্বাশয় বায়ুর নিত্যধাম হয় তদ্দারা শীতোষ্ণাদি বোধ হয় ও কোমল কঠিন বোধহয় তাহাকে স্পর্শেন্দ্রির কহে। পঞ্চপ্রাণের অবস্থান

হৃদয়ে প্রাণ বায়ু গুহ্যে অপান বায়ু নাভিতে সমান বায়ু কণ্ঠে উদান বায়ু ও ব্যানবায়ু সর্ব্বাঙ্গে ব্যাপিত জানিবেন।

পঞ্চ প্রাণের কার্য্য।

যিনি শরীরের রক্ত চালনা করেন তিনি প্রাণবায়ু, যিনি অন্নের গ্রাস গ্রহণান্তরস্থবকে পাকাশয়ে লয়ে যান ও যাঁহার শক্তিতে প্রাণবায়ুর কার্য্য করেন তিনি আপন বায়ু হয়েন, ও যাঁহার শক্তি দ্বারা গমন বমন উদ্গার ও শ্বাসাদি হয় তাহার নাম উদান। পাকাশয় ও আমাশয় এই স্থানের মধ্যে যে নাভিস্থান আছে তাহাতে অগ্নিরূপায়ে পিত্ত সেই পিত্তরূপ অগ্নি সহায় যে আছেন তাহার নাম সমান তিনিই অন্নাদি পাক করিয়া ভিন্ন২ করে এবং যিনি পাকাশয়ে থাকিয়া মলমূত্র ত্যাগও রুদ্ধ করেন তাহার নাম অপান। বিষ্ঠামূত্র শুক্র রুধির এসকলের অন্তর্গত হইয়া আছেন ও সকল শরীরে ব্যাপিত যিনি তাঁহার নাম ব্যানবায়ু। এই প্রাণাদি পঞ্চ বায়ুর স্থান এবং কর্ম্ম কহিলাম।

পরে শ্লেষ্মা এবং পিত্তের আশ্চর্য্য যে পরমেশ্বর নির্ম্মিত স্থানে পরমেশ্বর কর্ত্তৃক স্থাপিত করণ ইহাতে এই দুয়ের বিচিত্র সম্বন্ধে যে স্থিতি তাহা পণ্ডিত বৈদ্যেরা নানাশাস্ত্র অধ্যয়ন করিয়া উত্তম রূপে বোধ

[illegible] কোন ভাবে নিশ্চয় এই রুগ্ন ব্যক্তির মৃত্যু হয় [illegible] এর চিকিৎসক [illegible] রোগীর গৃহে গমন করিবেন তখন শুভাশুভ লক্ষণ হইতে অনুমান করিবেন।

[illegible] শুভ লক্ষণের প্রার্থনা যে ভিষেকের আছে তিনি শুচি হইয়া রোগ [illegible] করিবেন। এবং যেমন চিকিৎসা করিলে রোগীর ধাতু সুস্থ [illegible] তাহাই সর্ব্বদাই কর্ত্তব্য। সারকৌমুদ্যাং প্রথম পরিচ্ছেদ সমাপ্ত।

মনুষ্যদিগের শরীরে দোষ ধাতু মল এবং আধার সকল আছে। [illegible] পিত্ত কফ এই তিনের নাম দোষ। এবং বিষ্ঠা মূত্রাদির নাম মল [illegible] আর আধার শব্দের অর্থ পরে লিখিতেছি।

মনুষ্যের বাল্য যুবা বৃদ্ধ এই তিন কালে শরীরের [illegible] [illegible] সকলের বিবরণ পরে লিখিব সংপ্রতি আধারের কথা লিখি।

মনুষ্য আহার করিলে যে স্থানে গিয়া জঠরাগ্নি দ্বারা পাক হয় [illegible] স্থান [illegible] উর্দ্ধে তাহার নাম আমাশয়ঃ অন্নাদি পাক হইয়া যে [illegible] গিয়া থাকে সেই স্থান নাভির অধঃ তাহার নাম পাকাশয়ঃ এবং [illegible] অধোভাগে মূত্রাশয় তথা হইতে লিঙ্গ পথে মূত্র বাহির হয় এবং আমাশয়ের দুই দিকে পাঁজরার ভিতরে দুই আধার আছে তাহার নাম যকৃৎ ও প্লীহা। প্লীহা বামে, যকৃৎ দক্ষিণে থাকে।

যকৃৎ ও প্লীহা দুই রক্তাশয় অর্থাৎ রক্ত জন্মিয়া এই স্থানে সঞ্চয় হইয়া সকল শরীর ব্যাপিত হয়। আর নাভির উর্দ্ধে এবং অধোতে যে দুই স্থান আছে সেই স্থানের মধ্যে নাভিমূলে পাকের একস্থান আছে তাহার মধ্যেতে জলের স্থান তার নাম উণ্ডুক এবং লিঙ্গ মূলে যে মূত্রের স্থান তার নাম ফুস্ফুস। এবং আমাশয় ও পাক বিশেষ মধ্যে যে স্থান তার নাম পুপ্পুশ। আহার করিবা মাত্র নাগবায়ু দ্বারা যে স্থানে গিয়া পাক হইয়া অন্য স্থানে যাইবার যে যোগ হয় সেই স্থানের নাম গ্রহণী এবং নাভির স্থানের উর্দ্ধে পিত্তের স্থান সেই শরীরের তেজের স্থান [illegible] শরীরের মূলস্বরূপ হয় তাহার নাশ হইলেই দেহ নষ্ট হয় অতএব জ্ঞানী চিকিৎসকেরা তাহার রক্ষার জন্য চেষ্টা করিবেন।

শরীর দূষণ হেতু বাত পিত্ত কফের দোষ সংজ্ঞা হয়, এবং বিষ্ঠা মূত্রাদি শরীরকে মলিন করে অতএব তাহার নাম মল বলা যায়।

দিবা রাত্রিতে কফ পিত্ত বায়ু সময় নিরূপণ।

প্রথমতঃ। দিনমান যত দণ্ড হইবেক তাহা অংশ করিয়া প্রাতঃকালে যত দণ্ড হইবে তত দণ্ড কফাধিকার মধ্যাহ্নে পিত্তের শেষে বায়ুর অধিকার হয়। কিন্তু প্রাতঃকালে সন্ধিকাল দুইদণ্ড যে আছে তাহা ত্যাগ করিয়া অংশ করিতে হইবে এইরূপ মধ্যাহ্ন কালের সন্ধিকাল ও সায়ং [illegible] সন্ধি সময় ত্যাগ করিয়া কফ বায়ুর অধিকার জানিবেন ও তিন

রোগ শরীরের সংহার কর্ত্তা তাহাকে ঔষধ দ্বারা নিবারণ করিয়া রোগী বৈদ্যকে শরীর সমর্পণ করেন এই প্রকারে চিকিৎসক রোগীর পিতা স্বরূপ হয়েন। অতএব রোগীকে বৈদ্য পুত্রের ন্যায় পালন করিবেন।

যে বৈদ্য অবশ্য রোগ নিবারণ করিতে পারেন তিনি উত্তম বৈদ্য যে বৈদ্য কোন রোগ নিবারণ করিতে পারেন আশ্চোদয় করণ [illegible] চিকিৎসক নামধারি মন্দ বৈদ্য অর্থাৎ সাধ্যাসাধ্য জ্ঞান বিশিষ্ট [illegible] না চিকিৎসা বিষয়ে সাধ্যাসাধ্য জ্ঞানের আবশ্যক আছে।

সকল শাস্ত্রের অর্থ যে জ্ঞাত তাহার নাম বৈদ্য সেই বৈদ্য আয়ুর্ব্বেদ উপবিষ্ট হইলে তাহার দ্বিজ সংজ্ঞা হয় অর্থাৎ আয়ুর্ব্বেদোপদেশ দ্বারা জন্মান্তর হয়।

ব্রাহ্মণ গুরুগণকে নবগ্রহ এবং বৈদ্য ইহারা নমস্য ইহাদিগকে রোগীরা নমস্কার না করিলে আপদ স্বরূপ ব্যাধি হইতে ভয়প্রাপ্ত হয়।

কালে ঔষধ আরম্ভ এবং সমাপন পশ্চাৎ পরীক্ষা করিয়া প্রশস্ত কালে রোগীকে সেবন করাইলে সেই ঔষধকে মহৌষধ বলা যায় এবং সেই ঔষধ অল্প মাত্র ধারণ করিলে মহাবীর্য্যবান হইয়া শীঘ্র ব্যাধির দমন করে।

রোগীর পরিচারকের লক্ষণ। ঔষধ একবার প্রকারজ্ঞ বলবান প্রভু প্রতি অনুরাগ এবং শুচি এই চারি গুণযুক্ত ব্যক্তিকে পরিচর্য্যা কর্ম্মে নিযুক্ত করিবেক।

উত্তম রোগীর লক্ষণ। যে রোগী আপনার শরীরের ভাব এবং রোগ হইবার কারণ বৈদ্য জিজ্ঞাসা করিলে ভাল বিস্তার করিয়া বৈদ্যের নিকট কয় এবং ভয়াকুল না হয় এমত রোগী উত্তম।

বৈদ্য আনিবার দূতের জাতি এবং নিষিদ্ধ লক্ষণ।

চণ্ডালাদি জাতি। শীঘ্র গমন আলুলায়িত কেশ অস্ত্র এবং দণ্ডধারণ মলিন বসন পরিধান করণ অঙ্গ হীন এবং শকট গর্দ্দভ মহিষ উষ্ট্র ইত্যাদিতে আরোহণ রক্তবর্ণ মাল্যধারণ গাত্রে তৈলমর্দ্দন এবং বস্ত্র পরিধান দিগম্বর ইত্যাদি নিষেধ। এবং বৈদ্যের নিকটে উপস্থিত দূতের নিবেদন প্রকাশ। এক পদে দাণ্ডাইবেন না এবং কেশ, মস্তক, পৃষ্ঠ, গলা এই সকল স্থান স্পর্শ করিবে না, এক দৃষ্টে হেটমুণ্ড হইয়া আপনার প্রণাম জানাইয়া রোগীর বিষয় বৈদ্যের দক্ষিণপার্শে দণ্ডায়মান হইয়া নিবেদন করিবেক এবং ভিষক যখন রোগী দেখিতে যাইবেন তখন দ্রুতগামী না হইয়া মন্দ২ গমন করিবেন। এই প্রকার শাস্ত্রে প্রসিদ্ধ বিধি।

যৎকালে রোগের প্রথম প্রসঙ্গ হইবেক। সেই সময়ের লগ্ন স্থির করিয়া দেখিবেক যদি পাপগ্রহের গৃহে প্রশ্ন এবং সেই লগ্নে পাপগ্রহ থাকে সেই লগ্ন সম্পূর্ণ দুষ্ট হয় আর সেই লগ্নের অষ্টক গৃহে [illegible]

পঞ্চ আকার রোগ সূক্ষ্ম লক্ষণের নাম নিদান রোগের ন প্রকাশ পূর্ব্বরূপ রোগের রূপ হয় প্রকাশ এবং চিকিৎসা দ্বারায় যে সাম্য হওন উপশম এই সম্পূর্ণ লক্ষণাক্রান্ত হওন সংপ্রাপ্তি এই পাঁচ প্রকার রোগের লক্ষণ।

সকল রোগের আদি কারণ মন্দাগ্নি তাহা অতিরিক্ত আহারেতেই হয় আহারে যেমন শাস্ত্রে কহিয়াছেন তদরূপ আহার করিলে মন্দাগ্নি হইতে পারে না।

কোন২ রোগ উৎপন্ন হইয়া সাম্য হয় ও কোন২ রোগ নিবারণ হয় না আপনি সমভাবে থাকিয়া অন্য২ রোগোৎপন্ন করে এই রোগ অতি দুষ্ট সে রোগকে বৈদ্য অতি সাবধান হইয়া চিকিৎসা করিবেন সে সামান্য রোগ নহে, সেই রোগ কৃচ্ছ্রসাধ্য জানিবা।

চিকিৎসার প্রকার অবে লিখিয়া বৈদ্য ও রোগ হইবার মধ্যে রোগী যদি রোগানুগত হয় তবে বৈদ্য ব্যামহ পায়, রোগ দমন হয় না, রোগী যদ্যপি বৈদ্যের আজ্ঞাবর্ত্তী হয় তবে রোগের দমন করিতে পারিবেন। চিকিৎসক বিবেচনা করিবেন রোগীকে রোগানুবর্ত্তী কুপথ্যাদি ... কি না করিলে আজ্ঞানুবর্ত্তী জ নিতে পারিবেন।

রোগের লক্ষণ ও ঔষধের প্রমাণ কহিতে পারে, ঔষধ ও চিকিৎসা অনেক২ প্রকার দেখিয়াছে আর চিকিৎসাতে স্বস্বরূপ পটুতা থাকে ও পানি শুচি এই চারি গুণযুক্ত বৈদ্যকে উত্তম বৈদ্য বলা যায়।

ইহার মধ্যে শাস্ত্রজ্ঞ এবং বহুদর্শী যে, তিনি সিদ্ধ বৈদ্য, কিন্তু এই গুণ একেতে বর্জ্জিত হইলে তাহাকে একপক্ষ হীন পক্ষীর ন্যায় কহা যায় অর্থাৎ এক পক্ষাভাবে পক্ষির গতি হয় না তদ্রূপ এক গুণ না থাকিলে বৈদ্য চিকিৎসা করিতে পারে না।

এই চিকিৎসা শাস্ত্র গুরু দর্শ দ্বারা জ্ঞাত হইয়া যে বৈদ্য চিকিৎসা করে সেই শ্রেষ্ঠ তদ্ভিন্ন চিকিৎসাকারী বৈদ্য সকলকে নষ্ট বৈদ্য চোরের সমান জানিবা।

আয়ুর্ব্বেদ ও চিকিৎসা শাস্ত্র জ্যোতিষধর্ম্ম নির্ণয় এই চারি শাস্ত্র অধ্যয়ন না করিয়া যে চিকিৎসা করে তাহাতে ব্রহ্মাঘাত বলা যায়।

চিকিৎসা শাস্ত্র অধ্যয়ন করিয়া ও তন্ত্র শাস্ত্রের যুক্তি না জানিলে চিকিৎসার সম্পূর্ণ ফলভোগী হইতে পারে না তাহার দৃষ্টান্ত পুরুষ যে কালে দুর্ভাগ্য প্রাপ্তি হয় তৎকালে উপার্জ্জিত অর্থের ফল ভোগী হইতে পারে না।

অল্প মন্দ বস্ত্র পরিধান বাক্য কর্কশ চতুরতা হীন কুগ্রামে আহ্বান না করিলে চিকিৎসা করিতে গমন এই পাঁচ বৈদ্যে... ধন্বন্তরি তুল্য হইলেও মান্য হয়েন না।

সারকৌমুদী।

সংস্কৃত গ্রন্থ পণ্ডিতের বোধগম্য তাহা অত্যন্ত কুটার্থযুক্ত হয় সে গ্রন্থ বুঝিতে বিস্তর জ্ঞান অপেক্ষা করে, অতএব সারকৌমুদীনামক যে চিকিৎসা শাস্ত্র আছে তাহা অল্পশ্রমে বোধ হইবার কারণ প্রভৃতি বাক্য দ্বারা লেখা যাইতেছে, অনায়াসে চিকিৎসা করণে বাসনা যাহার হয় তিনি গ্রন্থ পাঠ করিবেন।

নমো গণেশায় নমঃ।

পরমানন্দিত লোক সকলের পরমানন্দের মূলস্বরূপ শ্রীগুরুদেব চরণে প্রণতি হইয়া মন্দ বুদ্ধি জনের উত্তম বুদ্ধি হওনের নিমিত্ত সারকৌমুদী পুস্তকের ভাষা করিলাম।

শরীরের আরোগ্যতা ধর্মার্থ কাম মোক্ষ চতুর্বর্গ সাধনের মূল তার নষ্টকারী এবং শরীর মঙ্গল গহস্তা রোগ সকল হইয়াছে।

তাহাতে চিকিৎসা কর্ম্ম অত্যাবশ্যক হইয়াছে, কোথাও ধনলাভ কোন স্থানে পুণ্য, কোথাও সখ্যভাব, কোথাও অনুরাগ, কোথায়ও কর্ম্মাভ্যাস হয় চিকিৎসা কার্য্য কোন প্রকারে বিফল হয় না।

ব্যাধিদিগের নির্য্যাস এবং দমন বৈদ্যের এই দুই কর্ম্ম বৈদ্য আয়ু দিবার কর্ত্তা নহে।

রোগীর কণ্ঠাগত প্রাণ পর্য্যন্ত চিকিৎসা কর্ত্তব্য অর্থাৎ মৃত্যু না হইলে রোগীকে বৈদ্য ত্যাগ করিবেন না।

রোগযুক্ত শরীর বৈদ্যের অধিকার প্রযুক্ত বৈদ্য রোগীর পিতৃতুল্য হয়েন অতএব বৈদ্য স্থানে চিকিৎসিত শরীর ক্রয় করিবে না করিলে সেই শরীর দ্বারা তিনি যত কার্য্য করেন তাহার ফলভাগী বৈদ্য হয়েন অগ্রে রোগ নিরূপণ করিয়া পশ্চাৎ নিরূপিত রোগের উপযুক্ত ঔষধ রোগীকে সেবন করাইবেন, সদ্বৈদ্যের চিকিৎসা কর্ম্ম এই।

দর্শন স্পর্শন ও প্রশ্ন ইহাতে রোগ জানা যায়, অতএব রোগীর ... শক্তি করণ প... নাড়ি ধরিয়া স্পর্শন ও বৈদ্যকে ... সে ও ... নিকটে পরিচারক যে সকল ... কর্ম এই তিন প্রকারে রোগ জানিবেন।

... এই ...